

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৭

জম্মুইজলা, ৮ মে, ২০২৪

জম্মুইজলা মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

জম্মুইজলা মহকুমার বুখুরুই কমিউনিটি হলে আজ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় ও সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ ধর্মচরণ জমাতিয়া ও অন্যান্য অতিথিগণ রবীন্দ্র প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেয়। তাছাড়া অনুষ্ঠিত হয় বসে অঁকো প্রতিযোগিতা।
